



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১

তারিখঃ ১৯ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ
০২ এপ্রিল ২০১৭ খ্রীষ্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান
প্রধান কার্যালয়, ঢাকা।

প্রিয় মহোদয়

কটেজ, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি খাতে অর্থায়নে গতিশীলতা আনয়ন প্রসংগে।

শিরোনামোক্ত বিষয়ে ০৭ জানুয়ারি ২০১৬ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-১ এর মাধ্যমে জারীকৃত এসএমই অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার এর অনুচ্ছেদ নং ৩.৪ এবং ৪.৩.৬ বিষয়ে যথাক্রমে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো :

(০১) বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়ন ফীমের আওতায় নারী উদ্যোক্তাদের ব্যক্তিগত গ্যারান্টিকে জামানত হিসেবে বিবেচনা করে ২৫.০০ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত প্রদত্ত ঋণ সুবিধা সহায়ক জামানত ব্যতিরেকে প্রদান করার নির্দেশনা রয়েছে। কটেজ, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি খাতের নারী উদ্যোক্তাদের উদ্যোগে অর্থায়ন প্রাপ্তি সহজতর করতে এ নির্দেশনা পরিপালনে আরো অধিকতর গুরুত্ব প্রদান করতে হবে।

(০২) কটেজ, মাইক্রো, ক্ষুদ্র খাতে নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল এর আওতায় নতুন উদ্যোক্তাদেরকে উদ্যোগের প্রকৃতি এবং উৎপাদিত পণ্য ও সেবার বাজার বিবেচনান্তে ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে সহায়ক জামানত বিহীন প্রয়োজনে ১০.০০ (দশ) লক্ষ টাকার অধিক ঋণ বিতরণ করা যাবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(স্বপন কুমার রায়)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৫০২